

## **ার্যা** নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশঃ (১৯৫) যার উপর হদ্দ তথা ইসলামী দন্ডবিধান প্রয়োগ করা হয়েছে, সেই হদ্দ কি তার গুনাহের কাম্ফারা হবে?

উত্তরঃ হ্যাঁ, যার উপর হদ তথা শরীয়তের দন্ডবিধি কায়েম করা হবে তার জন্য উক্ত হদ গুনাহের কাক্ষারা হবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদল সাহাবীর সামনে বলেনঃ

بَايِعُونِي عَلَى أَنْ لاَ تُشْرِكُوا بِاللَّهِ شَيْئًا وَلاَ تَسْرِقُوا وَلاَ تَزْنُوا وَلاَ تَقْتُلُوا أَوْلاَدَكُمْ وَلاَ تَأْتُوا بِبُهْتَانِ تَفْتُرُونَهُ بَيْنَ أَيْدِيكُمْ وَأَرْجُلِكُمْ وَلاَ تَعْصُوا فِي مَعْرُوفِ فَمَنْ وَفَى مِنْكُمْ فَأَجْرُهُ عَلَى اللَّهِ وَمَنْ أَصَابَ مِنْ ذَلِكَ شَيْئًا فَعُوقِبَ فِي الدُّنْيَا فَهُوَ كَفَّارَةٌ لَهُ وَمَنْ أَصَابَ مِنْ ذَلِكَ شَيْئًا ثُمَّ سَتَرَهُ اللَّهُ فَهُوَ إِلَى اللَّهِ إِنْ شَاءَ عَفَا عَنْهُ وَإِنْ شَاءَ عَاقَبَهُ فَبَايَعْنَاهُ عَلَى ذَلِك)

"তোমরা আমার কাছে এই বিষয়ের উপর বায়আত কর যে, তোমরা আল্লাহর সাথে কাউকে শরীক করবে না, চুরি করবে না, ব্যভিচার করবে না, তোমাদের সন্তানদেরকে হত্যা করবে না, কাউকে মিথ্যা অপবাদ দিবে না এবং ভাল কাজে নাফরমানী করবে না। তোমাদের মধ্যে হতে যে ব্যক্তি এ কাজগুলো পূর্ণ করবে, সে আল্লাহর কাছে পুরস্কার পাবে। যে ব্যক্তি উপরোক্ত অপরাধগুলোর কোন একটিতে লিপ্ত হবে, অতঃপর তাকে দুনিয়াতে শাস্তি দেয়া হলে এই শাস্তিই তার গুনাহের জন্যে কাফ্ফারা স্বরূপ হবে। আর কোন ব্যক্তি উক্ত গুনাহ্খলোর কোন একটিতে লিপ্ত হলে আল্লাহ্ যদি তা গোপন রাখেন, তবে তা পরকালে আল্লাহর ইচ্ছাধীন থাকবে। ইচ্ছা করলে তিনি তাকে ক্ষমা করে দিবেন। আর ইচ্ছা করলে শাস্তি দিবেন। তবে শির্ক ব্যতীত অন্যান্য গুনাহের ক্ষেত্রে এ হুকুম। হাদীছের বর্ণনাকারী উবাদা ইবনে সামিত বলেনঃ আমরা উপরোক্ত কথাগুলোর উপর বায়আত করলাম।[1]

## ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল হুদুদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12009

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন